

- ৬। উনিশ শতকের বাংলায় সংবাদ-সাময়িকপত্রকে ঘিরে এক বিশেষ জনপরিসর গড়ে ওঠে। বিষয়টি বুঝিয়ে দাও।
- ৭। বিষয় বৈচিত্র্যে ও মুদ্রণ বৈশিষ্ট্যে উনিশ শতকের বাংলায় বটতলার প্রকাশন এক গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। মন্তব্যটি বিচার করো।
- ৮। উনিশ শতকে নতুন তৈরি হওয়া বাংলা সাহিত্যের সর্বাংশে রয়েছে মুদ্রণ-সংস্কৃতির ছাপ। মন্তব্যটি বিচার করে এ বিষয়ে তোমার মত জানাও।

কলা স্নাতকোত্তর অন্ত্য-সিমেস্টার পরীক্ষা, ২০২৩

(দ্বিতীয় বর্ষ, দ্বিতীয় সিমেস্টার)

বাংলা

কোর্স : পি.জি.-৪.৫৪

উনিশ শতকের সাহিত্য ও প্রকাশনা : বিভিন্ন মডেল

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান : ৩০

প্রতি পর্ব থেকে অন্তত একটি প্রশ্নসহ মোট তিনটি প্রশ্নের উত্তর লেখো।

পর্ব - ১

- ১। ব্যক্তিস্বাতন্ত্র্য উনিশ শতকে আধুনিকতার অভিজ্ঞান। রামনিধি গুপ্তের নিধুবাবু হয়ে ওঠার কাহিনি এবং বাংলা টপ্পা রচনায় তাঁর স্বতন্ত্র আধুনিকতার প্রকাশ বিষয়ে আলোচনা করো।
- ২। উনিশ শতকে বাংলা নাটকের গান বিষয়ে সংক্ষিপ্ত নিবন্ধ লেখো।
- ৩। ‘কালীঘাটের পট’ উনবিংশ শতাব্দীর বাংলার শিল্পীদের মৌলিক অবদান (—) আলোচনা করো।
- ৪। টীকা লেখো (যে কোনো দুটি) :
কবিগান
আখড়াই
পক্ষীর দল
কাঠখোদাই শিল্প

পর্ব - ২

- ৫। হাতে লেখা পুথি ও ছাপা বই—এই দুইয়ের আঙ্গিক বৈশিষ্ট্য ও সাংস্কৃতিক তাৎপর্য বুঝিয়ে দাও।